



একুশের প্রহরে শহীদ মিনারে তিন বাহিনীর পুষ্পস্তবক অর্পণ



সংগৃহীত ছবি

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ও মহান শহীদ দিবসের সূচনালগ্নে তিন বাহিনীর প্রধানরা ভাষা শহীদদের প্রতি সম্মান জানান।

শনিবার (২১ ফেব্রুয়ারি) রাত ১২টা ১৯ মিনিটে ঢাকার কেন্দ্রীয় শহীদ মিনার-এ পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে তারা শ্রদ্ধা নিবেদন করেন। পরে শহীদদের স্মরণে নীরবতা পালন এবং দোয়া-মোনাজাত করা হয়।

এর আগে রাত ১২টা ১ মিনিটে শহীদদের প্রতি প্রথম রাষ্ট্রীয় শ্রদ্ধা জানান রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিন। তার পরপরই রাত ১২টা ১২ মিনিটে প্রধানমন্ত্রী তারেক রহমান শহীদ বেদিতে ফুল দিয়ে সম্মান জানান।

LENS ASIA